



খাগড়াছড়ি পৌরসভা কার্যালয়

খাগড়াছড়ি পার্বত্য জেলা।
প্রকৌশল বিভাগ
(পূর্ত শাখা)

email-khagracharipoura@gmail.com.



শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি।

স্মারক নং: খা:পৌ:/প্রকৌ:/২০২১/৫৭

তারিখ: ১০/০৩/২০২১খ্রি:

“যত্রতত্র ময়লা আবর্জনা ফেলা হতে বিরত থাকুন
আপনার শহরকে পরিষ্কার পরিচ্ছন্ন রাখুন”।

গণ বিজ্ঞপ্তি

এতদ্বারা সম্মানিত নগরবাসীর অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কিছু ব্যক্তি বা প্রতিষ্ঠান যেখানে সেখানে ময়লা-আবর্জনা ফেলে খাগড়াছড়ি শহরের সৌন্দর্য বিনষ্ট করছে, যা মোটেও কাম্য নয়। খাগড়াছড়ি শহরের কোন রাস্তায় অথবা পৌরসভা কর্তৃক নির্ধারিত নয় এমন কোন স্থানে ময়লা-আবর্জনা ফেলা স্থানীয় সরকার (পৌরসভা-আইন) ২০০৯ অনুযায়ী শাস্তিযোগ্য অপরাধ। নগরীর সুন্দর ও পরিচ্ছন্ন পরিবেশ বজায় রাখার জন্য যত্রতত্র ময়লা-আবর্জনা ফেলা বিশেষ করে পরিচ্ছন্নতা কাজ সম্পন্ন হওয়ার পর সকাল বেলা ময়লা ফেললে অস্বাস্থ্যকর পরিবেশ এর সৃষ্টি করে।

এ অবস্থায় খাগড়াছড়ি পৌরসভাকে একটি সুন্দর ও পরিচ্ছন্ন শহর হিসেবে গড়ে তোলার জন্য নির্ধারিত স্থান, হলুদ রং চিহ্নিত Steel এর ঝুড়িতে বা ডাস্টবিনে ময়লা-আবর্জনা ফেলার জন্য অনুরোধ করা হ'ল।

অনুরোধক্রমে

(নির্মলেন্দু চৌধুরী)

মেয়র

খাগড়াছড়ি পৌরসভা।

২০/৩/২০২১

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থেঃ

১। নির্বাহী প্রকৌশলী, খাগড়াছড়ি পৌরসভা।

২। হিসাব রক্ষণ কর্মকর্তা (ভা:), খাগড়াছড়ি পৌরসভা। (ওয়েব সাইটে প্রকাশের জন্য)

৩। জনাব মো: হাসান আলী, অফিস সহায়ক, অত্রাফিস। তাকে উপরোক্ত বিজ্ঞপ্তিটি পৌরসভার ০৯(নয়)টি ওয়ার্ডে আগামী ১৪/০৩/২০২১খ্রি: ০১(এক) দিন মাইকিং এর মাধ্যমে ব্যাপক প্রচার করার জন্য নির্দেশ প্রদান করা হ'ল।

৪। সম্পাদক, দৈনিক অরণ্যবর্তা-খাগড়াছড়ি। আগামী ১৪/০৩/২০২১খ্রি: ০১ (এক) দিন আপনার পত্রিকায় একবার প্রকাশ করার জন্য অনুরোধ করা হ'ল।

৫। অফিস নথি।